

আপ- একটা মিথ্যেবাদী দল

অরুণ জেটলি,রাজ্যসভার বিরোধী দলনেতা

গতকাল আম আদমি পার্টির এক বিধায়ক কোনও প্রমাণ ছাড়াই আমার ও নরেন্দ্র মোদীর নাম জড়িয়ে কিছু দায়িত্বজ্ঞানহীন মন্তব্য করেন ও অযথা বিতর্ক তৈরি করেন। এই অভিযোগ উড়িয়ে দিই আমি। আজ নিজেদের তৈরি এই অভিযোগ ফের তুলে এনে আমার বাড়ির সামনে বিক্ষোভ দেখানোর কর্মসূচি নিল তারা। আমি এ ব্যাপারে নিশ্চিত যে আপ একটা মিথ্যেবাদীর দল। একটা মিথ্যে সাজিয়ে তাকে সত্য প্রতিপন্ন করার চেষ্টা করছে তারা।

এবার মদন লাল নামের বিধায়কের বক্তব্য খতিয়ে দেখা যাক।

. না নরেন্দ্র মোদী না আমি, কেউই মদনলাল সমপর্কে ওয়াকিবহাল নয়।

. তাঁর দাবি ২০১৩ র ৭ ডিসেম্বর আমার সঙ্গে দেখা করার জন্য নাকি তাঁকে টেলিফোনে বলা হয়।

. যিনি তাঁকে ফোন করেছিল তাঁর নাম তিনি জানেননা। কোন নম্বর থেকে ফোন এসেছিল তাও জানেননা তিনি। কে তাঁকে ফোন করেছিল তা জানতে কল লিস্ট খতিয়ে দেখেননি তিনি।

. ৭ ডিসেম্বর ২০১৩ দিল্লি বিধানসভার নির্বাচনের ফলাফল প্রকাশিত হয়নি। তাই বিধায়কও হননি মদনলাল। মদনলাল যে বিধায়ক হবেন বা তাঁর দল নির্ণায়ক আসন পাবে তা দিল্লির মানুষের কাছে তখনও পরিষ্কার নয়। তাই কেউ কেন তাঁকে সন্দ্বিদ্ধ কোনও কারণে ফোন করবে ?

. তাঁর আরও দাবি দিন ১০-১২ আগে গুজরাট থেকে কেউ নাকি তাঁকে ঘুষের প্রস্তাব দিয়েছে।

. যিনি তাঁকে ঘুষের প্রস্তাব দিয়েছিলেন তাঁর নাম বা পদ কিছুই জানেননা তিনি।

. ঘুষ নেওয়ার জন্য তাঁর দলের পরামর্শ মেনে চলেননি তিনি।

. ১০ দিন মুখ বন্ধ রাখাই শ্রেয় মনে করেছেন তিনি।

. আশ্চর্যজনকভাবে মদনলালের সাংবাদিক বৈঠকের আগে এআইসিসির সাধারণ সমপাদক শাকিল আহমেদ এই ঘুষের অভিযোগ সমপর্কে বক্তব্য রাখেন।

তাঁর দাবির অবাস্তবতা লক্ষ্যনীয়। সত্য প্রকাশ্যে আসবেই। কিন্তু আপ যে মিথ্যের বেজাতি করছে, মিথ্যাকে সত্যের মুখোশ পড়ানোর চেষ্টা করছে, এবং যা অসমভব তাকে সত্যি হিসেবে চালানোর চেষ্টা করছে তা ফের প্রকাশ্যে এল।